

হিসাব খোলার ফরম



স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

শরি'আহ্‌ ভিত্তিক ইসলামি ব্যাংক

সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের হিসাব
Government/Semi Govt./Autonomous Body Account

হিসাবের শিরোনাম (বাংলায়)

Title of Account
In English (Block Letter)

হিসাব নম্বর
(Account Number)

ইউনিক গ্রাহক আইডি
(Unique Customer ID)

হিসাবের প্রকৃতি ও কোড
(Nature of Account and Code)

শাখা/উপ-শাখা/এজেন্ট আউটলেট-এর নাম
(Name of the Branch/Sub-Branch/Agent Outlet)

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

শরি'আহ্ ভিত্তিক ইসলামি ব্যাংক

..... শাখা/উপশাখা

হিসাব খোলার ফরম সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের হিসাব Government/Semi Govt./Autonomous Body Account

তারিখ

হিসাব নম্বর

ব্যবস্থাপক
স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

ইউনিক গ্রাহক আইডি নম্বর
(ব্যাংকের ব্যবহারের জন্য)

..... শাখা/উপশাখা

প্রিয় মহোদয়,

আস-সালামু আলাইকুম।

আমি/আমরা আপনার শাখা একটি হিসাব খোলার জন্য আবেদন করছি। আমার/আমাদের হিসাব সংক্রান্ত ও ব্যক্তিগত বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করছি :

প্রথম অংশ : হিসাব সংক্রান্ত তথ্যাদি

- হিসাবের শিরোনাম :(বাংলায়)
- In English (Block Letter)
- হিসাবের প্রকৃতি (টিক দিন) : আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব (AWCA) মুদারাবা সঞ্চয়ী হিসাব (MSA) মুদারাবা বিশেষ নোটিশ জমা হিসাব (MSNDA)
 বৈদেশিক মুদ্রা জমা হিসাব (FCDA) অন্যান্য
- মুদ্রা (টিক দিন) : টাকা ডলার ইউরো পাউন্ড অন্যান্য
- হিসাব পরিচালনা পদ্ধতি (টিক দিন) : এককভাবে যৌথভাবে অন্যান্য
- প্রাথমিক জমার পরিমাণ (অংকে) : (কথায়).....
- আধুনিক ব্যাংকিং সুবিধা (টিক দিন) : Online Service ATM Service Digi-Banking SMS Service Others

দ্বিতীয় অংশ : প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্যাদি

হিসাব নম্বর
(ব্যাংকের ব্যবহারের জন্য)

- প্রতিষ্ঠানের নাম (বাংলায়) :
- In English (Block Letter) :
- প্রতিষ্ঠানের ধরন :
- প্রতিষ্ঠানের ঠিকানা : সড়ক/গ্রাম : পো : থানা/উপজেলা :
জেলা : ফোন/মোবাইল নম্বর : ই-মেইল :
- যোগাযোগের ঠিকানা : সড়ক/গ্রাম : পো : থানা/উপজেলা :
জেলা : ফোন/মোবাইল নম্বর : ই-মেইল :

হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর

তৃতীয় অংশ : ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি

হিসাব নম্বর
(ব্যাংকের ব্যবহারের জন্য)

- হিসাব পরিচালনাকারীর নাম (বাংলায়) :
- In English (Block Letter) :
- জন্ম তারিখ :
- জাতীয়তা :
(হিসাব পরিচালনাকারী বিদেশি নাগরিক হলে ভিসাসহ পাসপোর্টের কপি আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে)
- রেসিডেন্ট স্ট্যাটাস (টিক দিন) : রেসিডেন্ট নন-রেসিডেন্ট
(প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংক কর্তৃক গাইডলাইনস ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন-এর নির্দেশনা অনুসরণ করতে হবে)
- পেশা (বিস্তারিত) : প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক :
- পরিচিতি পত্র: জাতীয় পরিচয়পত্র নম্বর/পাসপোর্ট নম্বর/ জন্ম নিবন্ধন নম্বর/অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে)
- ঠিকানা : সড়ক/গ্রাম : পো : থানা/উপজেলা :
জেলা : ফোন/মোবাইল নম্বর : ই-মেইল :

* হিসাব পরিচালনাকারী একাধিক হলে প্রত্যেক ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি পৃথকভাবে তৃতীয় অংশে বা তৃতীয় অংশের সংলগ্নী হিসাবে যুক্ত করতে হবে।

হিসাবধারীর
ছবি

ঘোষণা ও স্বাক্ষর

হিসাব নম্বর

(ব্যাংকের ব্যবহারের জন্য)

আমি/আমরা সজ্ঞানে ঘোষণা করছি যে, উল্লিখিত তথ্যাদি সত্য। আমি/আমরা ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সরবরাহ করব এবং ব্যাংকের যাবতীয় শর্তাবলি পরিপালন করব।

আবেদনকারী(গণ) এর নাম ও পদবি	স্বাক্ষর
১.	
২.	
৩.	
৪.	
৫.	

হিসাব
পরিচালনাকারীর
ছবি

তারিখ

ব্যাংকের ব্যবহারের জন্য

মন্তব্য:

হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা

নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ

BAMLCO/Manager Operations

নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ

শাখা প্রধান/অনুমোদনকারী কর্মকর্তা

নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ

গ্রাহক FATCA পরিপালনের জন্য যোগ্য কিনা (টিক দিন): হ্যাঁ না

উত্তর হ্যাঁ হলে FATCA পরিপালন অবশ্যই নিশ্চিত করতে হবে। গ্রাহক/হিসাব পরিচালনাকারীর Proof of Address এর স্বপক্ষে ডকুমেন্টস সংগ্রহ করতে হবে।

প্রযোজ্য নিয়ম ও শর্তাবলি : আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব (AWCA)

- আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব পরিচালিত হবে ইসলামি শরি'আহ্ ভিত্তিক আল-ওয়াদি'আহ্ নীতি অনুসারে।
- আল-ওয়াদি'আহ্ নীতিতে জমাকৃত গ্রাহকের অর্থ ব্যাংক নিরাপদে হেফাজত করবে এবং গ্রাহককে চাহিবামাত্র জমাকৃত অর্থ আংশিক বা সম্পূর্ণ ফেরত প্রদানে বাধ্য থাকবে।
- আল-ওয়াদি'আহ্ নীতি অনুযায়ী জমাকৃত অর্থ শরি'আহ্ অনুমোদিত থাকবে ব্যাংক বিনিয়োগ করতে পারবে। বিনিয়োগ হতে অর্জিত মুনাফা বা লোকসানে গ্রাহক অংশীদার হবে না।
- এছাড়া আল-ওয়াদি'আহ্ নীতির অন্যান্য শর্ত প্রযোজ্য হবে।

প্রযোজ্য নিয়ম ও শর্তাবলি : মুদারাবা হিসাব

- এটি হিসাবধারী গ্রাহক এবং স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেডের মধ্যে সম্পাদিত একটি মুদারাবা চুক্তি।
- মুদারাবা হিসাবে দুটি পক্ষ থাকবে। একপক্ষ গ্রাহক/আমানতকারী মূলধন সরবরাহ করে এবং অপরপক্ষ আমানত গ্রহনকারী মেধা ও শ্রম ব্যয় করে উক্ত মূলধন দিয়ে ব্যবসায় পরিচালনা করে।
- এ পদ্ধতির জমাকারীগণ হচ্ছেন 'সাহিব আল-মাল' (অর্থের মালিক) আর ব্যাংক হচ্ছে 'মুদারিব' (ব্যবসায় পরিচালনাকারী)।
- ব্যাংক মুদারাবা নীতিমালায় ভিত্তিতে জমাকৃত অর্থ শরি'আহ্ অনুমোদিত থাকতে বিনিয়োগ করে।
- ব্যাংক মুদারাবা তহবিল বিনিয়োগ করে প্রাপ্ত আয়ের কমপক্ষে ৬৫ ভাগ মুদারাবা হিসাবধারীদের মধ্যে ওয়েস্টেজের ভিত্তিতে বন্টন করে। আর লোকসান হলে সাহিব আল-মাল (হিসাবধারীগণ) তা বহন করে।
- এছাড়া মুদারাবা নীতির অন্যান্য শর্ত প্রযোজ্য হবে এবং ভবিষ্যতে পরিবর্তনশীল সকল শর্ত মেনে চলতে বাধ্য থাকবে।
- বার্ষিক লাভ-লোকসান চূড়ান্ত হওয়ার পূর্বে সাময়িক (প্রতিশ্রুতি) হারে মুনাফা প্রদান করা হয় এবং বছরান্তে চূড়ান্ত মুনাফার হার নির্ধারণ করে সাময়িক মুনাফার হারের সাথে সমন্বয় করা হয়।
- কোনো গ্রাহক মুনাফার হার চূড়ান্ত হবার পূর্বে হিসাব বন্ধ করলে পরবর্তীকালে চূড়ান্ত মুনাফার হার বেশি হলে হিসাবকারীকে তা প্রদান করা হয়। আর কম হলে ব্যাংক তা ফেরত নাও নিতে পারে।
- মুদারাবা সঞ্চয়ী হিসাব থেকে সপ্তাহে দুইবার তার স্থিতির ২৫% পর্যন্ত অর্থ উত্তোলন করা যাবে। যদি কোনো জমাদানকারী তার স্থিতির ২৫%-এর বেশি অথবা সপ্তাহে দুইবারের বেশি উত্তোলন করে, তবে গ্রাহক ওই মাসের মুনাফা পাওয়ার যোগ্য হবেন না।
- মুদারাবা এসএনডি হিসাব থেকে যেকোনো পরিমাণের উত্তোলনের ক্ষেত্রে ৭ (সাত) দিনের আগাম নোটিশ প্রযোজ্য। অন্যথায় ঐ মাসের স্থিতি মুনাফার জন্য বিবেচিত হবে না।
- মুদারাবা হিসাবসমূহে বছরে দুইবার (জুন এবং ডিসেম্বর মাসে) সাময়িক হারে লাভ প্রদান করা হয়, যা বার্ষিক চূড়ান্ত লাভ/লোকসান হিসাবের ভিত্তিতে সমন্বয়/নিষ্পন্ন করা হয়।
- মুদারাবা নীতির সকল হিসাবের প্রাথমিক জমা, প্রদেয় লাভের শর্ত ও ওয়েস্টেজ ব্যাংক কর্তৃক পরিবর্তনযোগ্য।

অন্যান্য নিয়ম ও শর্তাবলি

	আল-ওয়াদি'আহ্ চলতি হিসাব	মুদারাবা সঞ্চয়ী হিসাব	মুদারাবা বিশেষ নোটিশ জমা হিসাব	এনএফসিডি	আরএফসিডি	বৈদেশিক মুদ্রা জমা হিসাব
প্রাথমিক জমা	১০০০ টাকা	৫০০ টাকা	৫০০০ টাকা	শূন্য/ যে কোন পরিমাণ	শূন্য/ যে কোন পরিমাণ	শূন্য/ যে কোন পরিমাণ
ওয়েস্টেজ	প্রযোজ্য নয়	০.৪৫	০.৪৪	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

- বাংলাদেশে প্রচলিত আইন, ব্যাংকিং রীতিনীতি ও ইসলামি শরি'আহ্ নীতিমালা অনুযায়ী ব্যাংকের হিসাবসমূহ পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।
- বাংলাদেশ সরকার/জাতিসংঘ/EU/OFAC (Office of Foreign Asset Control) কর্তৃক নিষিদ্ধ ঘোষিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোন ব্যাংক হিসাব খোলা যাবে না।
- প্রতিটি হিসাবের জন্য একটি করে হিসাব নম্বর প্রদান করা হবে। হিসাব নম্বর ও হিসাবের শিরোনাম উল্লেখ করে জমাকারীকে যথাযথভাবে জমার রসিদ পূরণ করে নগদ টাকা/চেক ইত্যাদি জমা দিতে হবে। সংগ্রহের জন্য জমাকৃত চেক ফেরত হলে নিয়ম মোতাবেক ব্যাংক খরচ/কমিশন বাবদ প্রতি চেকের জন্য নির্ধারিত ফি কাটতে পারে। ব্যাংকের নিকট প্রেরিত প্রতিটি চিঠি, নথি ও জমা স্লিপে উক্ত হিসাব নম্বর সঠিকভাবে লিখতে হবে। হিসাব নম্বর ভুল প্রদানের জন্য যদি কোনো তথ্য ভুল হয় তার জন্য ব্যাংক দায়ী থাকবে না।
- গ্রাহকের নিকট প্রেরিত কোনো হিসাব বিবরণী সম্পর্কে প্রেরণের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে গ্রাহক যদি লিখিত কোনো অভিযোগ দাখিল না করে তবে তা গৃহীত হয়েছে বলে ধরে নেয়া হবে। ডাক সমস্যার কারণে কোনো পত্র প্রাপ্তিতে বিলম্ব হলে ব্যাংক এর জন্য দায়ী থাকবে না।
- কোনো জমার ওপর গ্রাহকের হিসাব থেকে ব্যাংক যাকাত প্রদান করে না। গ্রাহককে নিজ দায়িত্বে যাকাত প্রদান করতে হবে।
- ব্যাংকের মতে যদি কোনো হিসাব সন্তোষজনকভাবে পরিচালিত না হয়, তা হলে বিনা নোটিশেই ওই হিসাব বন্ধ করার অধিকার ব্যাংক সংরক্ষণ করে। তা ছাড়া অন্য কোনো কারণেও ব্যাংক যেকোনো হিসাব বন্ধ করতে পারে এবং এসব কারণ গ্রাহকের নিকট প্রকাশ করা ব্যাংকের জন্য বাধ্যতামূলক নয়।

৭. হিসাবধারীর এক হিসাবের ডেবিট ব্যালেন্স অপর হিসাবের ক্রেডিট ব্যালেন্সের সাথে সমন্বয় করার অধিকার ব্যাংক সংরক্ষণ করে।
৮. ভুলক্রমে কোনো হিসাবধারীর হিসাব ক্রেডিট হওয়া অর্থ শনাক্ত হওয়া মাত্র যেকোনো সময় ব্যাংক সংশ্লিষ্ট হিসাবধারীর হিসাব থেকে ডেবিট করে নিতে পারবে। এক্ষেত্রে গ্রাহককে তা জানাতে ব্যাংক বাধ্য নয়।
৯. হিসাবধারকের ঠিকানার কোন পরিবর্তন হলে অবিলম্বে তা ব্যাংককে জানাতে হবে। ব্যাংক সাধারণত ডাক/কুরিয়ার/ই-মেইল/মোবাইল/মোবাইল এসএমএস যোগে হিসাব মালিকের সাথে যোগাযোগ রক্ষা করে। ডাক/কুরিয়ার যোগে প্রেরিত কোন চিঠিপত্র যথাসময়ে বা আদৌ বিলি না হলে ব্যাংক দায়ী থাকবে না।
১০. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত চেক/এটিএম কার্ড, আই-ব্যাংকিং, ডিজি ব্যাংকিং, অন-লাইন ইত্যাদির মাধ্যমে টাকা উত্তোলন/স্থানান্তর করা যাবে।
১১. চেকের মাধ্যমে টাকা উত্তোলন করার ক্ষেত্রে 'হস্তান্তরযোগ্য দলিল আইন'-এর সকল প্রয়োজ্য ধারা বলবৎ হবে।
১২. হিসাবধারক সরবরাহকৃত নমুনা স্বাক্ষর অনুযায়ী চেক স্বাক্ষর করবেন। নমুনা স্বাক্ষর পরিবর্তন করতে হলে তা পূর্বেই লিখিতভাবে ব্যাংককে অবহিত করতে হবে। ব্যাংকের সাথে যে কোনো প্রকার লিখিত যোগাযোগের ক্ষেত্রে নমুনা স্বাক্ষর ব্যবহার করতে হবে।
১৩. গ্রাহক চেক বইয়ের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে পারেন। নির্দিষ্ট আনুষ্ঠানিকতা শেষে চেক বই প্রদান করা যাবে। চেক বইয়ের ফি নিয়ম অনুযায়ী আদায় করা হবে।
১৪. গ্রাহক তার নিকট গচ্ছিত চেকবইয়ের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করবেন। চেকের পাতা বা বই হারিয়ে গেলে অথবা এর অপব্যবহার রোধে অবশ্যই সংশ্লিষ্ট শাখাকে দ্রুত অবহিত করতে হবে এবং অনতিবিলম্বে লিখিতভাবে তা জানাতে হবে। গ্রাহকের দ্বারা কোনোরূপ ক্ষতি হলে তার জন্যে ব্যাংক কোনোভাবেই দায়ী থাকবে না।
১৫. কোনো গ্রাহকের হিসাব সন্তোষজনকভাবে পরিচালিত না হলে বা পূর্বে ইস্যু করা চেকবইয়ের অধিকাংশ পাতা অব্যবহৃত থাকলে ব্যাংক সেই গ্রাহককে চেকবই ইস্যু না করার অধিকার সংরক্ষণ করে।
১৬. গ্রাহকের কাছে থাকে যোগে চেকবই পাঠানো হলে ব্যাংকের কাছে রক্ষিত গ্রাহকের ঠিকানা অনুযায়ী তা পাঠানো হবে। এক্ষেত্রে চেকবই হারানো বা বিলম্বে প্রাপ্তির জন্যে ব্যাংক কর্তৃপক্ষ দায়ী হবে না।
১৭. ব্যাংক সংরক্ষিত হিসাবধারীর নমুনা স্বাক্ষরের সঙ্গে চেক প্রদত্ত স্বাক্ষরের গড়মিল হলে চেক ফেরত পাঠানো হবে। সবসময় নমুনা স্বাক্ষরের সঙ্গে মিল রেখে হিসাবধারীরকে স্বাক্ষর করতে হবে।
১৮. গ্রহণযোগ্য নির্দিষ্ট কারণ সাপেক্ষে ব্যাংক চেকবই ফেরত পাঠানোর অধিকার রাখে। কোনো কারণে চেক ফেরত পাঠানো হলে ব্যাংক নিয়ম অনুযায়ী প্রতিবার ফেরতের জন্যে নির্দিষ্ট চার্জ কর্তন করতে পারবে।
১৯. হিসাবধারীর বা তার প্রতিনিধির দ্বারা নির্দেশিত হয়ে ব্যাংক কর্তৃক কোনো চেকের অর্থ প্রদান স্থগিত করার কারণে উদ্ভূত ক্ষতির জন্যে গ্রাহক দায়ী থাকবেন। এর জন্যে ব্যাংক কোনোভাবে দায়বদ্ধ হবে না।
২০. হিসাবটি দেশের প্রচলিত মানি-লভারিং প্রতিরোধ আইন ও সন্ত্রাসবিরোধী আইনের আওতায় পরিচালিত হবে এবং হিসাবের যেকোনো প্রকারের তথ্য/তথ্যাদি/দলিল চাহিবা মাত্র গ্রাহক দিতে বাধ্য থাকবে।
২১. সম্ভাব্য বর্তমান অথবা ভবিষ্যত কোনো দায়দেনা পরিশোধের জন্যে ব্যাংক পরিচালিত গ্রাহকের যেকোনো হিসাবের স্থিতি বিবেচনা করা হবে অথবা তা নিরাপত্তা জামানত হিসাবে ব্যবহার করা যাবে।
২২. ব্যাংক যেকোনো সময় এবং সময়ে সময়ে চাওয়া মাত্র ব্যাংকের প্রাপ্য কোনো সাধারণ লিয়েন বা অন্য কোনো অধিকার বা প্রতিকারের ওপর গ্রাহকের হিসাব থেকে ব্যাংকের পূর্ণ সন্তুষ্টির স্বার্থে প্রয়োজনীয় দায়, যার ওপর গ্রাহকের অধিকার রয়েছে (উক্ত হিসাবসমূহ) হতে কেটে নিতে পারবে। এ ব্যাংকের যেকোনো শাখায় রক্ষিত গ্রাহকের হিসাবসমূহ একটি 'সংযুক্ত অ্যাকাউন্ট' হিসেবে গণ্য হবে।
২৩. ইপিজেড ও অফশোর ব্যাংকিং ইউনিট-এর হিসাবের লেনদেন/কার্যক্রম, বেপজা/ইপিজেড/বাংলাদেশ ব্যাংক/বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ও আন্তর্জাতিক অফশোর ব্যাংকিং নিয়মনীতি অনুযায়ী পরিচালিত হবে।
২৪. সকল এফসি, কনভার্টিবল, নন-কনভার্টিবল, নিটা, ব্লকড টাকা হিসাব, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ও বাংলাদেশ ব্যাংকের বিধি-বিধান অনুযায়ী পরিচালিত হবে।
২৫. গ্রাহক নির্দিষ্ট তারিখের মধ্যে সার্ভিস চার্জ এবং অন্যান্য সম্পর্কিত ফি ও চার্জ ব্যাংকের সিডিউল অব চার্জ মোতাবেক পরিশোধ করতে বাধ্য থাকবেন। গ্রাহক নির্দিষ্ট সময়ের মধ্যে ফি ও চার্জ প্রদানে ব্যর্থ হলে ঋণক্রিয়ভাবে তার হিসাব থেকে কর্তন করা হবে এবং/অথবা আগাম নোটিশ ছাড়াই ব্যাংক ওই সেবা বাতিল করতে পারবে। ফি ও চার্জ সময়ে সময়ে পরিবর্তন হতে পারে। গ্রাহক নতুন সিডিউল অব চার্জ মেনে নিয়েছেন বলে গণ্য হবে যদি ওই পরিবর্তন ব্যাংকের ওয়েব সাইটে আনার পর অথবা ই-মেইল অথবা ব্যাংকের জন্যে সুবিধাজনক অন্য যে কোনো মাধ্যমে গ্রাহককে জানানোর পরও তিনি ওই সার্ভিস গ্রহণ করতে থাকেন।
২৬. সরকার/বাংলাদেশ ব্যাংক/যথার্থ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী যেকোনো কর, সার্ভিস চার্জ, গুন্ড, ফি, হিসাব বন্ধকরণ চার্জ, আনুষ্ঠানিক খরচ ইত্যাদি সংশ্লিষ্ট হিসাব থেকে কর্তন করা হবে।
২৭. মালিভারিং প্রতিরোধ আইন ২০১২ (২০১৫ এর সংশোধনীসহ), সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (২০১২-২০১৩ এর সংশোধনীসহ) ও বিধিমালা ২০১৩, আয়কর অধ্যাদেশ ও আয়কর বিধিমালা ১৯৮৪ ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU), বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার/নীতিমালা/দেশের প্রচলিত আইন দ্বারা যথার্থ ক্ষমতাপ্রাপ্ত যে কোন রেগুলেটরি অথরিটির চাহিদা অনুযায়ী গ্রাহক এর ব্যাংক হিসাবের যে কোন তথ্য সরবরাহ করতে বাধ্য থাকবেন।
২৮. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/ডিজি ব্যাংকিং/ইন্টারনেট ব্যাংকিং সেবা, পাসওয়ার্ড ইত্যাদি সংরক্ষণের ব্যাপারে গ্রাহক সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করবেন এবং তার নিরাপত্তাজনিত অবহেলার কারণে সৃষ্ট কোনো ক্ষতির জন্যে ব্যাংক দায়ী থাকবে না।
২৯. ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/ডিজি ব্যাংকিং/ইন্টারনেট ব্যাংকিং সেবা, পাসওয়ার্ড ইত্যাদি হারিয়ে গেলে বা কোনো অপব্যবহার হলে হিসাবধারীরকে সাথে সাথে তা ব্যাংককে জানাতে হবে এবং পরবর্তী সময়ে উক্ত হারিয়ে যাওয়ার বিষয় লিখিত ভাবে নিশ্চিত করতে হবে।
৩০. হিসাবধারী তার লেনদেন, ব্যাংক কর্তৃক প্রেরিত খুদে বার্তা (SMS), হিসাব বিবরণী নিয়মিতভাবে যাচাই/নিরীক্ষা করবেন এবং কোনোরকম অসামঞ্জস্য হলে সাথে সাথে তা ব্যাংককে অবহিত করবেন।
৩১. হিসাবের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্যে হিসাবধারী কখনই হিসাবের গোপনীয় তথ্যসমূহ এবং পিন/পাসওয়ার্ড/ডেরিফিকেশন কোড ইত্যাদি কারো সাথে শেয়ার করবেন না। ব্যাংক কখনই গ্রাহকের এসব গোপনীয় তথ্য জানতে চাইবে না।
৩২. ব্যাংক উল্লিখিত নিয়ম ও শর্তসমূহ যেকোনো সময় সংযোজন, বিয়োজন, পরিবর্তন করতে পারবে এবং গ্রাহক তা মেনে নিতে সম্মত থাকবেন।
৩৩. ব্যাংকের অন্তর্গত যোগাযোগের সময় পথিমধ্যে কোন দৈব দুর্ঘটনায় তৃতীয় পক্ষের মাধ্যমে আনা নেওয়ার সময় কোন দলিল-দস্তাবেজ বা ই-স্ট্রুমেন্ট নষ্ট হলে বা হারিয়ে গেলে ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

Declaration for Opening Foreign Currency Account (if applicable)

I, the undersigned Son/Daughter/Wife of Holding passport No.....
 Dated Valid upto Issued atby do hereby solemnly declare that I am a Bangladeshi and ordinarily resident in with profession as I further declare and confirm that I do not receive any Foreign Exchange from Bangladesh and my income will not be derived from any Bangladeshi sources. I/We, declare that I/We shall abide by rules governing Foreign Currency Current Account and shall intimate you any change of my/our foreign address.

আমরা উভয়পক্ষ উক্ত নিয়মাবলি এবং এতদসংক্রান্ত প্রচলিত সকল আইন মেনে চলতে রাজি হয়ে নিম্নে স্বাক্ষর করে এ চুক্তিনামা সম্পাদন করলাম
 (We, the undersigned, are agreed to accomplish this contract standing for all aforementioned conditions & prevailing laws regarding the matter).

হিসাবধারী/হিসাবধারীগণের নাম
 স্বাক্ষর ও তারিখ

হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার
 নামমুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ

গ্রাহকদের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

১. হিসাব খোলার আবেদনপত্র যা প্রত্যেক আবেদনকারীকে পূরণ ও স্বাক্ষর করতে হবে।
২. প্রত্যেক আবেদনকারী/হিসাব পরিচালনাকারীর সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
৩. জাতীয় পরিচয় পত্র/হালনাগাদ পাসপোর্ট অথবা অন্যান্য ছবি সম্বলিত পরিচয় পত্রের অনুলিপি।
৪. ই-টিআইএন (e-TIN) সার্টিফিকেটের অনুলিপি (যদি থাকে)।

সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র

১. সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বা তাদের অধীনে পরিচালিত প্রকল্পের হিসাব খোলা ও পরিচালনার জন্য সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্রসহ হিসাব পরিচালনাকারী 'ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি' যথাযথভাবে পূরণ করতে হবে এবং সংশ্লিষ্ট হিসাব পরিচালনাকারী ব্যক্তি পরিবর্তন বা বদলীজনিত কারণে পুরায় পরিচালনার জন্য সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্রসহ হিসাব পরিচালনাকারী 'ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি' যথাযথভাবে পূরণ করতে হবে।
২. হিসাব পরিচালনার জন্য অনুমোদনকৃত কাগজ প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে সিলসহ উপস্থাপন করতে হবে।
৩. প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত হিসাব পরিচালনাকারীর স্বাক্ষরের প্রত্যয়নপত্র।

দ্রষ্টব্য

১. যাচাইয়ের স্বার্থে প্রয়োজনে উল্লিখিত কাগজপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
২. ঘষামাজা/কাটাকাটির ক্ষেত্রে আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর দিয়ে প্রত্যয়িত করতে হবে।
৩. সকল কাগজপত্র ইংরেজি বা বাংলা ভাষায় হতে হবে। অন্যকোন ভাষার কোন নথি থাকলে তা অনুমোদিত অনুবাদকারী কর্তৃক ইংরেজি বা বাংলা ভাষায় অনুবাদ করে জমা দিতে হবে।